



তারেক রহমানের প্রত্যাবর্তনে ৩০০ ফিটে জনসমুদ্রে রূপ নিল সংবর্ধনাস্থল



সংগৃহীত ছবি

দীর্ঘ ১৭ বছরের নির্বাসনের ইতি টেনে দেশে ফিরেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তার আগমনকে কেন্দ্র করে রাজধানীর ৩০০ ফিট (পূর্বাচল) এলাকায় তৈরি করা হয়েছে বিশাল মঞ্চ ও সংবর্ধনার আয়োজন। সকাল থেকেই সেখানে জড়ো হয়েছেন রাজধানীসহ দেশের বিভিন্ন জেলার বিএনপি নেতাকর্মীরা। স্লোগান, প্ল্যাকার্ড আর উচ্ছ্বাসে পুরো এলাকা পরিণত হয়েছে উৎসবমুখর সমাবেশে।

দীর্ঘদিন প্রবাসে থাকার পর আজ বৃহস্পতিবার (২৫ ডিসেম্বর) স্বদেশে ফিরেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তার প্রত্যাবর্তনকে স্মরণীয় করে রাখতে রাজধানীর ৩০০ ফিট (পূর্বাচল) এলাকায় দলটির পক্ষ থেকে আয়োজন করা হয়েছে বড় পরিসরের সংবর্ধনা ও সমাবেশ।

ভোর থেকেই রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন জেলা থেকে বিএনপির ভূগমূল পর্যায়ের নেতাকর্মীরা দলে দলে সমাবেশস্থলে উপস্থিত হতে থাকেন। চারপাশজুড়ে দলীয় স্লোগান, ব্যানার ও প্ল্যাকার্ডে মুখর হয়ে ওঠে পুরো এলাকা। নেতাকর্মীদের উচ্ছ্বাস ও আবেগে সমাবেশস্থল কার্যত এক উৎসবকেন্দ্রে পরিণত হয়েছে।

এদিকে, আজ সকাল আনুমানিক ১০টার দিকে তারেক রহমানকে বহনকারী বিমানটি সিলেটের ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। এর আগে, বাংলাদেশ সময় বুধবার (২৪ ডিসেম্বর) দিবাগত রাত ১২টার পর লন্ডনের হিথ্রো বিমানবন্দর থেকে তিনি বাংলাদেশের উদ্দেশে যাত্রা করেন।

একই ফ্লাইটে তার সঙ্গে দেশে ফিরেছেন তার স্ত্রী ডা. জুবাইদা রহমান এবং কন্যা ব্যারিস্টার জাইমা রহমান। তারেক রহমানের এই প্রত্যাবর্তনকে ঘিরে বিএনপির নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উৎসাহ ও রাজনৈতিক আলোড়ন লক্ষ্য করা যাচ্ছে।